

সিলা
৪৪

প্রাথমিক বিদ্যালয়ে টাকার বিনিময়ে বই বিতরণের অভিযোগ

কাপাসিয়া (গাজীপুর) উপজেলা স্বেচছিন্দাজ

উপজেলার উত্তর খামের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বিরুদ্ধে বিনামূল্যে বিতরণকৃত বই টাকার বিনিময়ে বিতরণ করা হয়েছে বলে মারাত্মক অভিযোগ পাওয়া গেছে। এ ব্যাপারে ছাত্র-ছাত্রীদের অভিভাবকরা উপজেলা শিক্ষা অফিসারের কাছে লিখিত অভিযোগ করেন। অভিযোগে জানা যায়, চলতি শিক্ষাবর্ষে প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণীর সকল ছাত্রছাত্রীর কাছ থেকে উত্তর খামের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা চাপ প্রয়োগ করে ৩০/৪০ টাকার বিনিময়ে বিনামূল্যের বই বিতরণ করেন। টাকার বিনিময়ে বই বিতরণের ঘটনায় অভিভাবকদের মাঝে ক্ষোভের সৃষ্টি করে। ফলে অভিভাবকগণ উপজেলা শিক্ষা অফিসারের কাছে লিখিত অভিযোগের মাধ্যমে দাবী শিক্ষকদের বিভাগীয় বিচার দাবী করেন। এ ব্যাপারে সংশ্লিষ্ট ক্লাসটারের কর্তব্যরত সহকারী উপজেলা শিক্ষা অফিসার নূরুল ইসলাম জানান, অভিযোগের ভিত্তিতে ঘটনা তদন্ত করেছি। টাকা নেয়ার বিষয়টি সত্য হলেও শিক্ষকদের দাবী, বইয়ের জন্য নয়, বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার জন্য ছাত্রদের কাছ থেকে এ টাকা নেয়া হয়েছে। বিদ্যালয়ের সহকারী শিক্ষক নজরুল ইসলামকে জিজ্ঞেস করলে তিনি জানান, টাকা কিসের জন্য নেয়া হয়েছে এ ব্যাপারে প্রধান শিক্ষককে জিজ্ঞেস করুন।